



জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
www.kgdcl.gov.bd
জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন (প্রশাসন) শাখা

১৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.১৫.০০০০.২০৪.০৬.০০২.২০.৯৬৬

অফিস আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনার আলোকে কেজিডিসিএল এর অফিস আদেশ সূত্র নং: ২৮.১৫.০০০০.২০৪.১৮.১৫৬.২৩.৭৫২, তারিখ: ১১.০৬.২০২৩ (কপি সংযুক্ত) এর মাধ্যমে কোম্পানি পর্যায়ে গঠিত 'নৈতিকতা কমিটি' নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	কমিটিতে অবস্থান
১।	ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কেজিডিসিএল	আল্হায়ক
২।	জনাব মীর মোহাম্মদ সফিউল আলম উপ-মহাব্যবস্থাপক, জনসংযোগ ও সমন্বয় ডিপার্টমেন্ট, কেজিডিসিএল	সদস্য- সচিব/ফোকাল পয়েন্ট
৩।	জনাব মোঃ সাখাওয়াত হোসেন ব্যবস্থাপক, জনসংযোগ শাখা, জনসংযোগ ও সমন্বয় ডিপার্টমেন্ট, কেজিডিসিএল	সদস্য/বিকল্প কর্মকর্তা
৪।	জনাব সাহিদা আক্তার উপ-ব্যবস্থাপক, ঢাকা লিয়াজোঁ অফিস, কেজিডিসিএল	সদস্য
৫।	জনাব মোঃ কুতুবুর রহমান সহকারী ব্যবস্থাপক, জনসংযোগ শাখা, জনসংযোগ ও সমন্বয় ডিপার্টমেন্ট, কেজিডিসিএল	সদস্য

কমিটির কার্যপরিধি (TOR) :

- ১) কোম্পানি পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য বিচার-বিশ্লেষণ এবং অন্তরায় চিহ্নিতকরণ;
- ২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
- ৩) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ;
- ৪) শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ; এবং
- ৫) শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ।

কমিটি নিয়মিত সভা অনুষ্ঠান করবে এবং কর্মকর্তাদের অগ্রগতি পর্যালোচনাপূর্বক মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবে।


প্রতি বছর ১৫ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের কার্যক্রমের একটি বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন করতঃ ব্যবস্থাপনা পরিচালক বরাবরে দাখিল করবে এবং উক্ত কার্যক্রমের একটি সারাংশ কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা কোম্পানির সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা/সেল, পেট্রোবাংলা ও অন্যান্য সংস্থা/দপ্তরের সাথে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা সংক্রান্ত সার্বিক বিষয়ে যোগাযোগ/তদারকি/সমন্বয় করবেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তার অনুপস্থিতিতে বিকল্প কর্মকর্তা উক্ত দায়িত্ব পালন করবেন।

অত্র আদেশ জারির ফলে এতদসংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সকল অফিস আদেশ সংশোধিত বলে গণ্য হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্ত: অফিস আদেশ (১১.০৬.২০২৩)।




২৬-০৪-২০২৪
মোহাম্মদ জসিম উদ্দিন হায়দার
মহাব্যবস্থাপক (প্রশাসন) (চলতি দায়িত্ব)

নম্বর: ২৮.১৫.০০০০.২০৪.০৬.০০২.২০.৯৬৬/১ (১০)

১৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক (প্রশাসন), প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
- ২। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
- ৩। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), স্ট্রাটেজিক প্ল্যানিং এন্ড রিসোর্সেস মবিলাইজেশন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
- ৪। সকল মহাব্যবস্থাপক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
- ৫। সকল উপমহাব্যবস্থাপক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
- ৬। উপ-মহাব্যবস্থাপক, জনসংযোগ ও সমন্বয় ডিপার্টমেন্ট, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
- ৭। ব্যবস্থাপক, জনসংযোগ শাখা, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
- ৮। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
- ৯। উপ-ব্যবস্থাপক, ঢাকা লিয়াজোঁ অফিস, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং
- ১০। সহকারী ব্যবস্থাপক, জনসংযোগ শাখা, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।



২৬-০৪-২০২৪
মোঃ হাবিবুল গনি
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)